# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

বাংলাদেশ।

Website: ems.nu.ac.bd অথবা www.nubd.info/honours

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)/২০২৩/২০২৫/১৯৯৬ তারিখ ঃ ২৬/১০/২০২৫ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ:

**ফরম পূরণের সময়সূচি ঃ**

| ক্রমিক | বিবরণ | সময়সীমা |
|---|---|---|
| ০১ | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ২৮/১০/২০২৫ থেকে ১৫/১১/২০২৫ |
| ০২ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | ১৬/১১/২০২৫ রাত ১১:৫৯ মি. পর্যন্ত |
| ০৩ | টাকা জমা দেয়ার শেষ তারিখ | ১৭/১১/২০২৫ থেকে ১৮/১১/২০২৫ বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ০৪ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন (আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার প্রয়োজন নাই)। |

**ফরম পূরণের ফি এর বিবরণ ঃ**

| ক্রমিক | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩৫০/- |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩৫০/- |
| ০৪ | ইনকোর্স পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী): i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১৫০/- টাকা, ii) কলেজ ফান্ডে জমা হবে ৪৫০/- টাকা | ৬০০/- |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে : কলেজের অংশ- ২০০/- টাকা, কেন্দ্রের অংশ- ৪০০/- টাকা | ৬০০/- |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী কোর্স প্রতি) কলেজে জমা হবে | ২৫০/- |
| ০৭ | (অনিয়মিত/গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ১০০০/- |
| ০৮ | ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ফি | ৬০০০/- |
| ০৯ | Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত | ১৫০০/- |

**বিঃ দ্রঃ** বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। **ফরম পূরণের নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

## আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমার ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী :

১। **অনলাইনে আবেদন ফরম পূরণ :**

আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**http://ems.nu.ac.bd/student-login**)-এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :**

**ক) নিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইটে দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**খ) অনিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২০২১) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশ গ্রহণ করবে।

**গ) গ্রেড উন্নয়ন:** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী C+, C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোন দু'টি কোর্সে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে**। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

**ঘ) অনার্স ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষের সকল বিষয়ে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা সর্বসাকুল্যে ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরম পুরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।**

৩। **অনার্স পাঠ্যসূচী (Syllabus) :**

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪। **তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা :**

- ❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ❖ ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional Promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ❖ একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not Promoted হবে।
- ❖ Promoted/Not Promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিতপত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C+, C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ❖ সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমুহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না।
- ❖ ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

৫। **পরীক্ষার্থীদের জন্য করণীয় ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **(http://ems.nu.ac.bd/student-login)** থেকে পরীক্ষার্থীগণ অন-লাইনে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) সঠিকভাবে নির্বাচন করে আবেদন ফরম Download/সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

৬। **কলেজের জন্য করণীয় :**

**ক)** যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। পরীক্ষার্থীদের পূরণকৃত আবেদন ফরম সঠিকভাবে হয়েছে কি না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে College Login-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Login-এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা তথ্য প্রযুক্তি (আইসিটি) থেকে User ID & Password সংগ্রহ করা যাবে। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য তালিকায় নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

**খ)** সকল পরীক্ষার্থীদের ইনকোর্স নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

**গ)** নিশ্চয়ন সম্পন্ন হলে Online এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

**ঘ)** অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

**ঙ)** নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না। শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তাঁর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। **ফি জমাদানের পদ্ধতি :**

**ক)** ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার্থীদের ফি সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://.nu.ac.bd) এর Service-মেনুতে গিয়ে Sonali Seba-এ গিয়ে College code দিয়ে Submit-এ ক্লিক করে নির্দিষ্ট পে-স্লিপ ডাউনলোড করে উল্লিখিত ফিসহ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

**খ)** কলেজ ওয়েবসাইট থেকে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর Print Copy নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে শেষ তারিখের মধ্যে জমা রশিদ সংগ্রহ করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

গ) Pay Slip সংগ্রহের জন্য নির্ধারিত সময়সীমা পর্যন্ত সোনালী সেবার Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা ব্যতিত ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভুত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৮। **EMS সফটওয়্যার থেকে ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতার লক্ষ্যে নিম্নোক্ত ফোন নাম্বার সমূহে যোগাযোগ করা যেতে পারে-**

১। মোঃ মোক্তাদিরুল ইসলাম (রাজু), মোবাইল: ০১৬০৯৬০৫৪৯৪

২। এস এম তানভীর সিদ্দীকি, মোবাইল: ০১৩২৬৬০২৪৫৮

৯। **বিবরণী ফরম জমা সংক্রান্ত :**

আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন **(আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার প্রয়োজন নাই)**।

১০। **পরীক্ষা পরিচালনা ঃ**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৬০০/- (ছয়শত) টাকা হতে ২০০/- (দুইশত) টাকা কলেজে জমা থাকবে, যা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমন ঃ বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৪০০/- (চারশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রের সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে।

১১। **ইনকোর্স নম্বর প্রেরণ :**

শিক্ষার্থীদের ফরম পূরণের সময় Software-এর মাধ্যমে ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৭-১৮, ২০১৮-১৯ ২০১৯-২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর On-Line এ প্রেরণ করতে হবে এবং এক কপি নম্বরপত্র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

১২। **ব্যবহারিক পরীক্ষা** ঃ ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে ওয়েব সাইটে জানানো হবে।

১৩। **ফলাফল** ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

**বিঃদ্রঃ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লিখিত ওয়েব সাইট লক্ষ্য করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল। আবেদন শুরুর দিন থেকেই নিশ্চয়ন শুরু করা যাবে। কলেজ কর্তৃপক্ষকে প্রথম দিন থেকে নিশ্চয়ন শুরু করার জন্য বলা হলো।**

২৬/১০/২৫

**(মোঃ এনামুল করিম)**
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)/২০২৩/২০২৫/১৯৯৬ তারিখ ঃ ২৩/১০/২০২৫ খ্রিঃ

**অনুলিপি, অবগতি ও কার্যার্থে ঃ**

১. সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৩. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৪. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
(জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
(এ বিজ্ঞপ্তিটি জরুরি ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৭. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৮. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৯. অতিরিক্ত রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১০. অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
১১. অতিরিক্ত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১২. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১৩. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর;
১৪. অফিস কপি।

২৬/১০/২০২৫

**(মোস্তাক আহমদ)**
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
অনার্স তৃতীয় বর্ষ
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
মোবাইল: ০১৭৩০-৭৯৫৮৯৬